

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯,
কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৪.০০১২.২৬.১

তারিখ: ১৬-০৩-২০২৬

বিষয়: নিপুন এমব্রয়ডারী নামক কারখানার অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি জারির সুপারিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং ২৩৪, প্রাপ্তির তারিখ: ৩/০৩/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিপুন এমব্রয়ডারী, অফিস ও কারখানা: বাড়ি নং-৩৩, পীরবাড়ি, পূর্ব আব্দুল্লাহপুর, উত্তরা, ঢাকা এর নিবন্ধন সংখ্যা: আরএমজি/ইএক্সপি/০০০১২১৫-২৪, তারিখ: ০৪/০১/২০২৪ খ্রিঃ। প্রতিষ্ঠানটি এমব্রয়ডারী উপখাতের ১০০% রপ্তানীমুখী একটি বস্ত্র শিল্প প্রতিষ্ঠান। শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে জারিকৃত এডহক শিল্প আই আর সি নং- ২৬০৩২৬১২০৪২৫৯২৪, তারিখ: ১৮/০২/২০২৪ খ্রিস্টাব্দ জারি করা হয়। বস্ত্র শিল্প প্রতিষ্ঠান কাঁচামাল আমদানির জন্য অত্র অধিদপ্তরে একটি আবেদনপত্র দাখিল করেছেন। তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরিষ্কার-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে বার্ষিক আমদানি স্বত্বের পরিমাণ ৩,৫০,০০,০০০/- (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও ষান্মাসিক আমদানি স্বত্বের পরিমাণ ১,৭৫,০০,০০০/- (এক কোটি পঁচাত্তর লক্ষ) টাকা নির্ধারণ পূর্বক ৩য় এডহক শিল্প আইআরসি জারির সুপারিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, শিল্প প্রতিষ্ঠানটি এমব্রয়ডারী উপখাতের ১০০% রপ্তানীমুখী একটি বস্ত্র শিল্প প্রতিষ্ঠান বিধায় আমদানি যোগ্য কাঁচামালসমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতীত) এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন স্বাপেক্ষে আমদানি করতে হবে।

০২। অতএব, উপরিউক্ত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি ২০২১-২৪, বিদ্যমান অন্যান্য সরকারি বিধি-বিধান প্রতিপালন স্বাপেক্ষে নিপুন এমব্রয়ডারী এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন স্বাপেক্ষে) আমদানির জন্য কারখানার অনুকূলে বার্ষিক আমদানি স্বত্বের পরিমাণ ৩,৫০,০০,০০০/- (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও ষান্মাসিক আমদানি স্বত্বের পরিমাণ ১,৭৫,০০,০০০/- (এক কোটি পঁচাত্তর লক্ষ) টাকা নির্ধারণ পূর্বক ৩য় এডহক (শিল্প আই আর সি) জারির সুপারিশ প্রদান করা হ'ল।

০৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্রটি উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

২৪-০৩-২০২৬

মোঃ আব্দুর রহমান

উপ-পরিচালক

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৪.০০১২.২৬.১ (৪)

তারিখ: ৯ চৈত্র ১৪৩২
২৪ মার্চ ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, রানা পল্টন, ঢাকা- ১০০০।
- ০২। এসিস্টেন্ট মেনেজিং ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।)
- ০৩। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, নিপুন এমব্রয়ডারী, অফিস ও কারখানা: বাড়ি নং-৩৩, পীরবাড়ি, পূর্ব আব্দুল্লাহপুর, উত্তরা, ঢাকা
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিরন জন্য]।



Asif

আসিফ চৌধুরী
সহকারী পরিচালক